

সঙ্গে সহমত পোষণ কর? কবিতাটির একটি সম্ভাব্য ব্যাখ্যাসহ তোমার মতামত দাও। ১০

অথবা

৬। মহাকাব্যের অহল্যা চরিত্রটিকে একটি স্বাধীন ভূমিকা (agency) দিয়েছেন রবীন্দ্রনাথ। অহল্যার প্রতি যেসব প্রশ্ন রেখেছেন কবিতার কথক সেসব মাথায় রেখে এই মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১০

অথবা

৭। ‘গীতাঞ্জলি’র ১৭ নম্বর গানে (“কোথায় আলো, কোথায় ওরে আলো”) বিরহ আসলে প্রেমের সম্পদ হিসেবে চিহ্নিত হয়েছে। তুমি কি গানটি পড়ে এই রকম সিদ্ধান্তে সহমত হবে? যুক্তিসহ লেখো। ১০

৮। ‘বিধাতা কি আবার বসবেন সাধনা করতে / যুগযুগান্তর ধরে’ — ‘শ্যামলী’ কাব্যগ্রন্থের ‘আমি’ কবিতায় স্বয়ং বিধাতার এই ‘সাধক’-রূপ আসলে রবীন্দ্রনাথের মানবভাবনারই এক গুরুত্বপূর্ণ প্রকাশ। এ বিষয়ে তোমার মতামত দাও। ১০

অথবা

৯। ‘দেবতা যেখানে ছিল সেথা জ্বলাইতে গেলে ধূপ, / সেখানে বিদ্রপ’, এই উচ্চারণের তাৎপর্য প্রাসঙ্গিক কবিতাটি অবলম্বনে বুঝিয়ে লেখো। ১০

কলা স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০২২

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি. ২.৪

বাংলা কবিতা - পর্ব ১

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

নীচের যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

১। বিহারীলাল চক্রবর্তীর ‘নিসর্গসন্দর্শন’ কাব্যের কোনো কোনো অংশে বায়রনের প্রভাব স্পষ্টতই লক্ষ করা যায়। এ কথা তুমি কি মানবে? তোমার মতামত জানাও। তাঁর এই কাব্য কী অর্থে উনিশ শতকের কাব্যধারায় স্বতন্ত্র, তা সংক্ষেপে বুঝিয়ে লেখো। ৪+৬=১০

অথবা

২। উনিশ শতকের জাতীয়তাবাদী চিন্তা কীভাবে ‘নিসর্গসন্দর্শন’ কাব্যে প্রতিফলিত হয়েছে, বুঝিয়ে লেখো। ১০

৩। পাশ্চাত্যের ধ্রুপদী ও সাহিত্যিক মহাকাব্যগুলি ‘মেঘনাদবধ কাব্য’ রচনায় কীভাবে প্রভাব ফেলেছে, সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

৪। ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রকৃত ‘নায়ক’ কে বলে তোমার মনে হয়? যুক্তিসহ আলোচনা করো। ১০

৫। বৈষ্ণব রসতত্ত্বের প্রতি একটি চ্যালেঞ্জ হিসেবে ‘সোনার তরী’ কাব্যগ্রন্থের ‘বৈষ্ণব কবিতা’ পড়া যেতে পারে। তুমি কি এই মন্তব্যের